## What is Analogy?


Analogy শব্দটির অর্থ Comparison of one thing with another অর্থাৎ একটি জিনিসের সাথে আরেকটি জিনিসের তুলনা অথবা একটি জিনিসের সাথে আরেকটি জিনিসের সাদৃশ্য বা বৈসাদৃশ্য তথা মিল বা অমিল চিহ্নিত করা। Analogy কে আমরা গণিতের অনুপাত সমানুপাতের সাথে তুলনা করতে পারি। যেমন- দুটি রাশির অনুপাত যদি ৪ ঃ ৫ হয় তাহলে তাদের সমানুপাত ৮ ঃ ১০ হতে পারে। বিষয়টিকে আরো সহজভাবে বুঝতে হলে নিচের প্রশ্নটির উত্তর বের করার চেষ্টা কর। প্রশ্নে প্রদত্ত শব্দ জোড়ার মাঝে এমন একটি সম্পর্ক বের কর যা বিকল্প উত্তর গুলোর শুধু একটিতে বিদ্যমান।

প্রশ্ন ঃ বাবা ঃ মা ঃ

(ক) ভাইঃ বোন (খ) মামা ঃ ভাগ্নে (গ) স্বামী ঃ স্ত্রী (ঘ) শালা ঃ শালিকা

শব্দ জোড়া আপাতদৃষ্টিতে একই রকম মনে হলেও প্রশ্নে প্রদত্ত শব্দ জোড়ার (বাবা-মা) মধ্যে এমন একটি (বৈবাহিক) সম্পর্ক বিদ্যমান যা শুধু উত্তর (গ) তে পাওয়া যায়। উপরোক্ত প্রশ্নটি হচ্ছে Analogy Question এর একটি জলবৎ তরলৎ উদাহরণ।

## Analogy Solving Method




**Example :**

APPLE : FRUIT

A. Mango : Sweet B. Forest : Tree

C. Juice : Fresh D. Rose : Flower

E. Leaf : Grass

**Solution :**

**1st Step :** Apple একটি ফলের নাম এবং Fruit অর্থ ফল

**2nd Step:** সুতরাং এদের মধ্যকার সম্পর্ক দাড়ায়- Apple একটি Fruit (ফল)

**3rd Step :**

- Mango একটি sweet (মিষ্টি) নয় বরং Mango খেতে মিষ্টি
- Forest একটি Tree নয় বরং Forest হল অনেক গাছের সমাহার
- Juice একটি Fresh নয়
- Rose একটি Flower
- Leaf একটি Grass নয়

অর্থাৎ Correct Answer D.

**Techniques of Analogy:**

কতগুলো কৌশল অবলম্বন করলে মোটামুটি সহজেই Analogy Questions এর উত্তর দেয়া যায়। নিচে কিছু Technique সম্বন্ধে আলোচনা করা হল।

**Technique-1**

যেহেতু প্রদত্ত মূল শব্দ জোড়ার প্রকৃত সম্পর্ক খুঁজে বের করাই হচ্ছে প্রথম ও প্রধান কাজ। তাই এর উপর বেশী নজর দিতে হবে। কেননা, এখানে যদি অস্পষ্টতা থাকে তাহলে উত্তর খুঁজতে গিয়ে গোলক ধাঁধায় পড়ার সম্ভাবনা খুব বেশি। মূল শব্দ জোড়ার সম্পর্ক নির্ধারণের একটি সুন্দর কৌশল হচ্ছে শব্দ দুইটির যথাযথ ব্যবহার করে একটি বাক্য তৈরী করা।

**Example :** Owner : Slave :

(a) Soldier : Civilian
(b) Policeman : Prisoner
(c) Native : Alien
(d) Master : Vassal

Owner : Salve দিয়ে প্রস্তুত sentence টি হচ্ছে Owner possesses a slave সুতরাং এদের সম্পর্ক হচ্ছে 'মালিক' এবং 'অধীনস্ড়' সম্পর্ক। এবার এই sentence এ বিকল্প শব্দ জোড়া গুলো বসিয়ে দেখি "মালিক ঃ অধীনস্ড়" সম্পর্ক কোনটিতে বিদ্যমান ঃ

(a) Soldier Possesses a civilian
(b) Policeman possesses a prisoner
(c) Native possesses an alien
(d) Master possesses a vassal

উপরের বাক্য ৪টিতে দেখা যাচ্ছে (a), (b), (c) এই তিনটি বাক্যই খুব বেখাপ্পা হয়ে যায়। কিন্তু (d) নম্বরের বাক্যটি যথাযথ এবং এই বাক্যের master এবং vassal এর আন্ড়ঃ সম্পর্ক হচ্ছে "মালিক ঃ অধীনস্ড়" সম্পর্ক যা আমাদের কাঙ্খিত। সুতরাং এখানে সঠিক উত্তর হচ্ছে (d)

## Technique-2

প্রথম জোড়া শব্দের মধ্যে একটি সম্পর্ক বের করার পর যদি দেখা যায় যে তার বিকল্প উত্তর গুলোর সবগুলোর সাথে মিলে যায় তাহলে উক্ত সম্পর্কটি আরো সুক্ষ্ম ভাবে চিন্ড়া করতে হবে।

## Technique-3

একটি সম্পর্ক নির্ধারণের ক্ষেত্রে শব্দের প্রধান অর্থের পাশাপাশি দ্বিতীয়/ অন্যান্য অর্থের দিকে খেয়াল রাখতে হবে, অন্যথায় ভুল করার সম্ভাবনা রয়েছে।

## Technique-4

একটি কথা অবশ্যই মনে রাখতে হবে, Analogy Questions এ প্রথম জোড়া শব্দে যে parts of speech দেয়া হয়, উত্তরের word দুইটির parts of speech এর সাদৃশ্য থাকতে হবে। অর্থাৎ নমুনার word দুইটির প্রথমটি noun এবং পরের টি verb হলে উত্তরের word দুইটির ও প্রথমটি noun এর পরেরটি verb হতে হবে। তাই, parts of speech এর এই ব্যাপারটি মাথায় রাখলে অনেক ক্ষেত্রেই খুব সহজেই উত্তর বের করা সহজ হয় এবং অনেক word এর অর্থ জানা না থাকলেও কোন অসুবিধা হয় না।

## Technique-5

Analogy বের করার আরো একটি কার্যকরী কৌশল হচ্ছে সুস্পষ্ট সম্পর্কহীন বিকল্প গুলো বাদ দেয়া। প্রদত্ত বিকল্প সমূহ পর্যবেক্ষণ করলে অনেক সময়ই দেখা যায় কোন কোন pair of words এর মধ্যে সত্যিকারের কোন সম্পর্ক নেই। তাই এগুলো বাদ দিয়ে বিকল্প সংখ্যা কমিয়ে আনতে পারলে সঠিক উত্তর বের করা কিছুটা সহজ হয়।

সম্পর্কগুলো যেমন হতে পারে-

**কর্তা ঃ তার কর্মের নাম**

Doctor : Treatment
Singer : Song
Artist : Art

**কর্তা ঃ তার কাজ**

Singer : Sing
Student : Study
Teacher : Teaching

**কর্তা ঃ যা দিয়ে কাজ করে**

Mechanic : Wrench

Doctor : Stethoscope

এখানে মেকানিক রেন্স দিয়ে কাজ করে ঠিক তেমনি ডাক্তার স্টেথোস্কোপ দিয়ে কাজ করে।

**কর্তা ঃ  যেখানে কাজ করে**

Doctor : Hospital

Student : Reading room

Teacher : School

**প্রতীক ঃ যার প্রতীক**

Pigeon : Peace

Flag : Liberty

এখানে কবুতর যেমন শান্তির প্রতীক ঠিক তেমনি পতাকা হলো স্বাধীনতার প্রতীক।

**বস্তু/ বিষয় ঃ যাকে নিয়ন্ত্রণ করে**

Brake : Car

Law : Society

এখানে ব্রেক যেমন গাড়ীকে নিয়ন্ত্রণ করে ঠিক তেমনি আইন সমাজকে নিয়ন্ত্রণ করে।

**বস্তু ঃ যার উপর প্রতিষ্ঠিত**

Building : Foundation

Tree : Root

বিল্ডিং যেমন Foundation এর উপর প্রতিষ্ঠিত ঠিক তেমনি গাছ মুলের উপর প্রতিষ্ঠিত।

**অংশ ঃ মূল**

Hand : Body

Finger : Hand

**বস্তু বা প্রাণী : যেখানে থাকে-**

যেমন : Fish : River/Pond/Sea

Bird : Tree/Forest

Book : Library

**প্রাণী : যেখানে বিচরণ করে।**

যেমন : Fish : Water

Bird : Sky

Cow : Field

এখানে পানিতে যেমন মাছ বিচরণ করে তেমনি আকাশে পাখি বিচরণ করে।

**বস্তু : যা দিয়ে গঠিত।**

যেমন- Furniture : Wood

Book : Pages

**বৈশিষ্ট্য : যার বৈশিষ্ট্য-**

যেমন : Courage : Hero

Election : Democracy

**মাত্রা ঃ অতিরিক্ত মাত্রা**

Good : Better

Bad : Worse

**বস্তু ঃ যা দূর করে**

Medicine : Disease

Money : Poverty

যা হয় ঃ যার অভাবে হয়

Poor : Money

Blind : Sight

**শব্দ ঃ সমার্থকবোধক শব্দ**

Good : Well
Lengthen : Prolong

**শব্দ ঃ ইহার বিপরীত শব্দ**

Hard : Soft
Angry : Polite

**প্রানী ঃ যা খেয়ে বেঁচে থাকে**

Man : Food
Cow : Grass

**প্রানী ঃ যা আওয়াজ করে**

Dog : Bark
Bee : Buzz

**মাপার যন্ত্র ঃ যা মাপা যায়**

Chronometer : Time
Barometer : Weather

**বিষয়: যা নিয়ে আলোচনা করে**

Anthropology : Human
(Anthropology বিষয়টি Human নিয়ে আলোচনা করে।
Syntax : Sentence

***তোমাদের বুঝার সুবিধার্থে কিছু Exercise দেখ:***

## Exercise-01

1. JUDGE : COURTROOM
2 . STAR : GALAXY
3. SCULPTOR (স্কাল্প্টর) : CHISEL (চিঝ্ল্)
4. OCEAN (মহাসাগর) : WHALE
5. JOY : EMOTION
6. NEGLIGENCE : CARE
7. GARRULOUS (গ্যারালাস্-বাচাল) : TALK
8. CHARITY (দানশীলতা): PHILANTHROPIST
9. HIVE (হাইভ) : BEE
10. MELACHOLY (মেলান্কলি-নিরানন্দ-মনমরা) : JOY
11. CASINO (জুয়াখেলার ঘর) : GAMBLING (জুয়াখেলা)
12. DAIS (ডায়াস্-স্পীকার) : SPEAKER
13. INTREPID (ইনট্রেপিড-অকুতোভয়) : FEAR
14. MALADROIT (ম্যালঅ্যা ড্-র-ইট) : SKILL
15. ECSTASY (এক্সটেইসি-প্লেঝার) : PLEASURE
16. TREACHERY (ট্রেচারি-প্রতারণা) : TRAITOR
17. SOFA : FURNITURE
18. QUIET : NOISE
19. DOCTOR : STETHOSCOPE
20. POOR : MONEY

## Explanatory Answers to Exercise

1. (Courtroom হচ্ছে Judge এর কাজের স্থান)

2. (Star হচ্ছে Galaxy-এর অংশ)
3. (Sculptor-এর কাজের যন্ত্র হলো Chisel)
4. (Ocean হচ্ছে Whale-এর থাকার স্থান)
5. (Joy এক প্রকার Emotion)
6. (Care এর অভাব হলো Negligence)
7. (Garrulous হলো অতিরিক্ত Talk)
8. (Charity হচ্ছে Philanthropist-এর বৈশিষ্ট্য)
9. (Hive হচ্ছে Bee-এর থাকার স্থান)
10. (Joy এর অভাব হলো Melancholy)
11. (Casino হচ্ছে Gambling এর স্থান)
12. (Dais হলো Speaker এর বলার স্থান)
13. (Fear-এর অভাব হলো Intrepid)
14. (Skill এর অভাব হলো Maladroit)
15. (Ecstasy হলো অত্যন্ড় বেশী Pleasure)
16. (Treachery হলো Traitor-এর বৈশিষ্ট্য)
17. (Sofa হলো এক প্রকার Furniture)
18. (Noise এর অভাব হলো Quiet)
19. (Doctor এর কাজের যন্ত্র হলো Stethoscope)
20. (Money-এর অভাব হলো Poor)

## Exercise-02

1. SOLDIER : WEAPON
2. COURAGE : VIRTUE
3. REQUEST : DEMAND
4. STUMBLE : FALL
5. FROWN : DISAPPROVAL
6. BIRD : NEST
7. LIAR : FALSEHOOD
8. RECKLESS : CAUTION
9. DAM : FLOW
10. BOOK : LIBRARY
11. WIND : KITE
12. POEM : ANTHOLOGY
13. INSOMNIA : SLEEP
14. PALLOR : COLOR
15. DAMPEN : SATURATE
16. MAGAZINE : PERIODICAL
17. BOOK : PAGES
18. VOLCANO : LAVA
19. SYNONYM : MEANING
20. AUDACIOUS : CRAVEN
21. LACONIC : VOLUBLE
22. INDOLENT : WORK
23. MODEST : BOAST
24. HAMMER : CARPENTER

25. EXPEL : SCHOOL
26. BANISH : COUNTRY
27. VOTER : ELECTION
28. VINDICTIVE : REVENG
29. ANCHOR : SHIP
30. OIL : ENERGY
31. INELUCTABLE : AVOID
32. MENDACITY : TRUTH
33. TIMOROUS : INTREPID
34. STONE : SCULPTOR
35. BRICK : HOUSE
36. MINE : ORE
37. DICTIONARY : WORDS
38. GAGGLE : GEESE
39. INCREDIBLE : BELEIVE
40. TORPID : ACTIVITY
41. AVARICIOUS : GENEROSITY
42. GREGARIOUS : FRIENDS
43. BARK : DOG
44. MUTTON ; SHEEP
45. LAIR : BEAR
46. OCEAN : BAY
47. CAT : KITTEN
48. DOG : BITCH
49. FIRE : ASH
50. INTELLIGENT : INANE

## Explanatory Answers to Exercise

1. Solider-এর কাজের যন্ত্র হচ্ছে Weapon (অস্ত্র)।
2. Courage (সাহস) এক প্রকার Virtue (গুণ)।
3. Request (অনুরোধ) তীব্রতর হলে Demand (দাবী) হয়।
4. Stumble (হোটচ)- এর ফলে Fall (ভূপাতিত) হয়।
5. Disapproval (অননুমোদন) এর লক্ষণ হলো Frown।
6. Bird-এর থাকার জায়গাকে Nest বলে।
7. Liar-এর বৈশিষ্ট্য হলো Falsehood।
8. Caution-এর অভাব হলো Reckless (বেপরোয়া)।
9. Flow (প্রবাহ)-কে থামানো হয় Dam (বাধ) দিয়ে।
10. Library হলো Book-এর জায়গা।
11. Kite (ঘুড়ি) উড়ানো হয় Wind-এর সাহায্য।
12. Poem হলো Anthology (কবিতা-সংকলন) এর অংশ।
13. Sleep-এর অভাব হলো Insomnia (নিদ্রাহীনতা)।
14. Pallor (ফ্যাকাশে) হলো Color এর অভাব।
15. অতিরিক্ত Dampen করলে Saturate হয়।
16. Magazine এক প্রকার Periodical (সাময়িকী)।
17. Book হলো অনেক Pages এর সমষ্টি।

18. Volcano (আগ্নেয়গিরি) থেকে Lava বের হয়।
19. Synonym হলো একই প্রকার Meanings।
20. Audacious-এর বিপরীত হলো Craven।
21. Laconic (স্বল্পভাষী)-এর বিপরীত হলো Voluble।
22. Indolent (অলস) লোক work করে না।
23. Modest লোক Boast (গর্ব) করে না।
24. Carpenter-এর কাজের যন্ত্র Hammer।
25. Expel করা হয় School থেকে।
26. Banish (নির্বাসিত) করা হয় Country থেকে।
27. Election-এ Voter-রা অংশ নেয়।
28. Vindictive (প্রতিশোধপরায়ন) লোক Revenge চায়।
29. Ship-কে আটকিয়ে রাখে Anchor।
30. Oil থেকে Energy পাওয়া যায়।
31. Ineluctable (অনিবার্য)-কে Avoid করা যায় না।
32. Truth-এর অভাব হলো Mendacity।
33. Timorous হলো Intrepid (সাহসী) এর বিপরীত।
34. Sculpto (ভাস্কর) Stone কেটে শিল্প কর্ম বানায়।
35. House তৈরি হয় Brick দিয়ে।

***সুপ্রিয় শিক্ষার্থীরা,***

***Analogy solve করার পূর্বশর্ত হলো vocabulary ভালভাবে আয়ত্ত করা। তাই নিম্নে কিছু গুর"ত্বপূর্ণ Word দেওয়া হলো।***

**বিভিন্ন ধরনের যন্ত্র ঃ**

Adze (বাটালি), Auger (তুরপুন), Baton (পুলিশোট ছোট লাঠি), Batter (ময়দা হতে তৈরিকৃত মণ্ড), Goggles (ধুলা থেকে রক্ষাকরী কলো চশমা), Palette (চিত্রকরের রং মেশানোর জন্য ক্ষুদ্র তক্তাবিশেষ), Saddle (ঘোড়ার পৃষ্ঠে বসার জন্য গদি), Thimble (সেলাইয়ের সময় সুইয়ের খোঁচা এড়ানোর জন্য আগুলে যে আবরণ পড়া হয়), Tourniquet (রক্তপাত বন্ধ করার জন্য যে যন্ত্র দিয়ে শিরা চেপে ধরা হয়), Tourniquet (রক্তপাত বন্ধ করার জন্য যে যন্ত্র দিয়ে শিরা চেপে ধরা হয়), Trowel (রাজমিস্ত্রী যে যন্ত্র দিয়ে দেয়ালে প্রলেপ লাগায়), Wrench (নাট দিয়ে লাগানোর যন্ত্র), Paddle (বৈঠা), Scalpel (শল্য চিকিৎসকের ক্ষুত্র ছুরি), Shears (কাঁচি), Cleaver (কসাইয়ের ছুরি), Gaval (বিচারকের হাতুড়ি), Scissors (কাঁচি), Radar (যে যন্ত্র দিয়ে প্লেন/ জাহাজের দিক ও অবস্থান নির্ণয় হয়), Armor (বর্ম), Club (গলফ খেলা ব্যাট), Violin (বেহালা জাতীয় বাদ্যযন্ত্র)

**বিভিন্ন জিনিসের আবরণ ঃ**

Chaff (ভূসি), Mould (বাসী র"টিতে যে ছাতা পড়ে), Pod (মটর শুটির খোসা), Plumage (পাখির পালক), Rust (জং পড়ে), Scale (মাছের আঁশ), Carapace (কাঁকড়া/ কচ্ছপের খোল), Husk (ফলের/ শয্যের খোসা/ তুষ/ ভূসি

**বিভিন্ন ধরনের (দল/ ঝাঁক) ঃ**

Anthology (সংকলন), Convoy (সামরিক জাহাজের বহর), Galaxy (নক্ষত্রের ঝাঁক), Archipelago (দ্বীপপুঞ্জ), Constellation (নক্ষত্রপুঞ্জ), School (মাছের ঝাঁক) Chorus গায়ক/ নর্তক দল Crew (নাবিকের দল) Fleet (নৌ বহর), Poultry (হাঁস-মুরগীর ঝাঁক) Range (পর্বত শ্রেণী), Regiment (সৈন্যদল), Stack (খড়/শস্য/কাঠের গাদা) Faculty (শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবর্গ), Orchestra (বাদ্যযন্ত্রী দল), Troop (সৈন্যদল)

**বসবাস করার জায়গা ঃ**

Born (গোলাঘর), Silo (শস্য সংরক্ষণের ঘর), Hangar (বিমান রাখার জন্য আচ্ছাদিত স্থান), Stable (ঘোড়ার আস্ত ।বল), Aviary (পাখির বড় খাঁচা/ ঘর), Den (হিংস্র জন্তুর বাসগুহা), Igloo (এস্কিমোদের বাসের ঘর)

**বিভিন্ন পেশার অধিকারী ব্যক্তি ঃ**

Architect (স্থপতি), Carpenter (কাঠমিস্ত্রি), Chef (পাচক), Cobbler (মুচি), Composer (সুরকার), Courier (বার্তাবহ), Quack (হাতুড়ে ডাক্তার), Refugee (শরনার্থী), Surgeon (শল্য চিকিৎসক), Archaeologist (প্রত্নতত্ত্ববিদ), Brick-Layer (রাজমিস্ত্রি), Mason (রাজমিস্ত্রি), Sculptor (ভাস্কর), Acrobat (সার্কাসে দড়াবাজিকর), Advocate (সমর্থক), Detective (গোয়েন্দা), Heir (উত্তরাধিকারী ব্যক্তি), Journalist (সাংবাদিক), linguist- (ভাষাবিদ), Moderator (মধ্যস্থতাকারী), Optician (চশমা নির্মাতা/ বিক্রেতা), Auditor (নিরীক্ষক), Batcher (কসাই), Colleague (একই পেশায় সহকর্মী), Dramatist (নাট্যকার), Pedlar (ফেরিওয়ালা), Tenant (ভাড়াটিয়া)

**বিভিন্ন ধরনের অভিব্যক্তি ঃ**

Beam (হাসিতে- উদ্ভাসিত হওয়া), Nod (সম্মতিসূচক- মাথা নোয়ান), Yawn (ঘুমের প্রাবল্যে- হাই তোলা), Blush (লজ্জায়- লাল হওয়া), Grin (ভেংচি- কাটিয়া হাসা), Snore (নাকডাকা), Wince (ব্যথায়-সংকুচিত), Squirm/ Writhe (ব্যাথায়- দেহ মোচড়ান),Groan(আর্তনাদ করা),Sob(ফুঁপিয়ে কাঁদা)।

**বৈজ্ঞানিক যন্ত্রের কাজ ঃ**

Ammeter (বিদ্যুৎ প্রবাহ মাপার যন্ত্র), Chronometer (সময় মাপার যন্ত্র), Geiger Counter (তেজস্ক্রিয়তা মাপার যন্ত্র), Speedometer (গাড়ির বেগ মাপার যন্ত্র), Thermometer (তাপ-মাপার যন্ত্র), Odometer (ভ্রমণে অতিক্রান্ড় দূরত্ব মাপার যন্ত্র), Seismograph (ভূমিকম্প পরিমাপের যন্ত্র)

**বিভিন্ন ধরনের গতি ঃ**

Blink (চোখ পিটপিট করা), Hum (গুজন করা), Mumble (অস্পষ্টভাবে বলা), Guffaw (অট্ট হাসি হাসা), Stammer (তোতলান), Stumble (হোচট খাওয়া), Whisper (কানে কানে বলা), Whine (নালিশ করা), Chatter (অনর্থক বক বক করা), Sprint (পূর্নবেগে দৌড়ান), Bustle (তাড়াহুড়ো করা)

**বিভিন্ন জিনিসের শেষাংশ/ প্রথমাংশ ঃ**

Appendix (দলিলের শেষে অতিরিক্ত ভাবে সংযুক্ত অংশ), Glossary (এই শব্দকোষ বইয়ের শেষে থেকে), Preface (কোন পুস্ড়কে ব্যবহৃত দুর্বোধ্য শব্দের ব্যঅখ্যা সম্বলিত তালিকা), Codicil (সংযুক্ত উইল), Epilogue (গ্রন্থের উপসংহার/ শেষ পরিচ্ছদ), Preamble (শাসনতন্ত্র/ আইনের ভূমিকা), Prelude (নাটকের/ সঙ্গীতের ভূমিকা স্বরূপ অংশ), Epilogue (গ্রন্থের উপসংহার/ শেষ পরিচ্ছদ), Preamble (শাসনতন্ত্র/ আইনের ভূমিকা), Prelude (নাটকের/ সঙ্গীতের ভূমিকা স্বরূপ অংশ), Epilogue (গ্রন্থের উপসংহার/ শেষ পরিচ্ছদ)।

**বিভিন্ন জীব-জন্তুর বাচ্চা/ শাবক ঃ**

Calf (গরু, হাতি, তিমির, বাচ্ছা), Chicken (হাঁস-মুরগীর ছানা), Lamb (ভেড়ার বাচ্চ), Kid (ছাগল ছানা), Pullet (কুকুর ছানা)

**বিভিন্ন বিজ্ঞান ঃ**

Anthropology (নৃবিজ্ঞান), Archaeology (প্রত্নতত্ত্ববিদ্যা), Botany (উদ্ভিদ বিদ্যা), Pharmacology (ঔষধ সংক্রান্ড় বিদ্যা), Astronomy (জ্যোতির্বিদ্যা), Biology (জীবিদ্যা), Cardiology (হৃদবিজ্ঞান), Psychology (মনোবিজ্ঞান), Calliography (সুন্দর হস্ড়াক্ষর বিদ্যা), Entomology (পতঙ্গবিজ্ঞান), Meteorology (আবহাওয়া বিদ্যা), Horticultural (উদ্যান পালন সংক্রান্ড়), Metallurgy (ধাতুবিদ্যা)

**বিভিন্ন পশুর গোশ্‌ত ঃ**

Beef (গরুর গোশ্‌ত), Pork (শুকরের গোশ্‌ত), Veal (বাছুরের গোশ্‌ত), Mutton (ভেড়ার গোশ্‌ত), Venison (হরিণের গোশ্‌ত)

**বিবিধ শব্দ ঃ**

Amphibian (উভচর জীব), Blizzard (প্রবল তুষার ঝড়), Decade (এক দশক), Dias (মঞ্চ), Embezzle (আত্মসাৎ করা), Glacier (হিমবাহ), Ladder (মই), Stanza কবিতার স্ড়বক), Bucket (বালতি), Drought (অনাবৃষ্টি), Elegy (শোকসঙ্গীত), Quarry (পাথরের খনি), Recipe (খাদ্য/ পানীয় প্রস্তুত প্রণালী), Rung (মইয়ের ধাপ), Oasis (মরুদ্যান), Usury (চড়া, সুদ), Royalty (লেখক/ উদ্ভাবককে তার বই/ উদ্ভাবনের জন্য দেয় সম্মানী)

**বিভিন্ন জীবের স্ত্রী-পুরুষ**

Buck- পুরুষ হরিণ/ছাগল/খরগোশ

Doc- হরিণী
Drake- পুং পাতি হাস
Gander- পুং রাজহাস
Rooster- গৃহপালিত মোরগ
Sow- স্ত্রী শূকর
Stag- পুং হরিণ
Vixen- স্ত্রী শিয়াল

## Real Test

**1. Which of the following has relationship similar to the one between DEFECTOR :CAUSE?[ CU,D unit, 2012-13]**

A. counterfeit: money B. critic : book
C. advertiser : sale D. deserter : army

**2. Choose the pair of words that best matches the relationship between CHAUVINISM: COUNTRY**
**[ CU,D unit, 2012-13]**

A. patriotism : authority
B. criticism : book
C. frugality : money
D. gluttony : food

**3. Which of the following has the relationship similar to the one between ELUCIDATE:CLARITY?**
**[ CU,D unit, 2012-13]**

A. aggravate: problem
B. conceal : oblivion
C. illuminate : light
D. envision : memory

**Answer Key**

| | | |
|---|---|---|
| 1.D | 2.D | 3.C |